

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

সূত্র নং- বিএসইসি/ সাভেইল্যান্স/মুখপাত্র(৫ম খন্ড)/২০১৯/৪০৫

তারিখ:

১৩ অগ্রহায়ণ ১৪৩০ বঙ্গাব্দ

২৮ নভেম্বর ২০২৩ খ্রিষ্টাব্দ

প্রেস বিজ্ঞপ্তি

৮৮৯ তম কমিশন সভা অদ্য ২৮/১১/২০২৩ তারিখে কমিশনের সভা কক্ষে চেয়ারম্যান অধ্যাপক শিবলী রুবাইয়াত-উল-ইসলাম এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়েছে:-

০১. কমিশন অদ্যকার সভায়, National Housing Finance and Investment Limited এর ৩,৭৪৪ (তিন হাজার সাতশত চুয়াল্লিশ) মিলিয়ন টাকা অভিহিত মূল্যের Non-Convertible, Fully Redeemable, Unsecured, 1st Zero-Coupon Bond এর প্রস্তাব অনুমোদন করেছে যার Discount Rate ৯.০০% এর মধ্যে সীমাবদ্ধ থাকবে। এটি প্রাইভেট প্লেসমেন্ট এর মাধ্যমে প্রাতিষ্ঠানিক বিনিয়োগকারী ও উচ্চ সম্পদশালী একক বিনিয়োগকারীদের নিকট ইস্যু করা হবে। এই বন্ডের প্রতি ইউনিটের অভিহিত মূল্য ১,০০,০০০/- (এক) লক্ষ টাকা। উল্লেখ্য, এই বন্ড ইস্যুর মাধ্যমে অর্থ উত্তোলন করে National Housing Finance and Investment Limited আর্থিক প্রতিষ্ঠানের হাউজিং/মর্টগেজ মার্কেট সেগমেন্টে ঋণ প্রদানের জন্য ব্যবহার করবে। তবে, আয়ের ১০% সরকারি সিকিউরিটিজে বিনিয়োগ করা হবে। উক্ত বন্ডের Trustee হিসাবে দায়িত্ব পালন করছে IDLC Investments Limited এবং Arranger হিসাবে কাজ করছে BRAC EPL Investments Ltd। এছাড়াও উক্ত বন্ডটি Alternative Trading Board এ তালিকাভুক্ত হবে।

০২. ৮৩৭ তম কমিশন সভায়, Asiatic Laboratories Limited এর আবেদনের প্রেক্ষিতে ৯৫.০০ কোটি টাকা বুক বিল্ডিং পদ্ধতিতে Bangladesh Securities and Exchange Commission (Public Issue) Rules, 2015 অনুযায়ী প্রাথমিক গণ প্রস্তাব (IPO) এর মাধ্যমে উত্তোলন করার প্রস্তাব অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়। পরবর্তীতে জানুয়ারি ১৫, ২০২৩ তারিখে কমিশন শুধুমাত্র সধারণ বিনিয়োগকারীদের সাবসক্রিপশন অংশটুকু স্থগিত করেছিল। কমিশনের অদ্য ৮৮৯ তম কমিশন সভায় উক্ত স্থগিত আদেশ প্রত্যাহার করার সিদ্ধান্ত গৃহীত হয়।

Muhammad
-28-11-2023

মোহাম্মদ রেজাউল করিম
নির্বাহী পরিচালক ও মুখপাত্র